অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/22/2024 **গভর্নর ক্যাথি হোকল**

2025 সালের গৃহীত নির্বাহী বাজেটের অংশ হিসেবে গভর্নর হোকল নিউ ইয়র্কের অর্থনীতি এবং কর্মশক্তিকে আধুনিকায়নের পরিকল্পনা ঘোষণা করেছেন

পরবর্তী-প্রজন্মের চিপস সংশ্লিষ্ট গবেষণার জন্য 10 বিলিয়ন মার্কিন ডলারের অংশীদারিত্ব জাম্পস্টার্ট করতে NY ক্রিয়েটস অ্যালবানি ন্যানোটেক কমপ্লেক্সে 500 মিলিয়ন মার্কিন ডলারের মূলধন ভিত্তিক বিনিয়োগ

ভবিষ্যতের কর্মসংস্থানের জন্য নিউ ইয়র্কবাসীদের প্রস্তুত করতে চারটি অন-র‍্যাম্প অ্যাডভান্সড ম্যানুফ্যাকচারিং ট্রেনিং সেন্টারে সহায়তার জন্য 200 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ

স্টেট ব্যাপী অর্থনৈতিক প্রবৃদ্ধিকে বজায় রাখতে ডাউনটাউন রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভ, NY ফরোয়ার্ড, ফাস্ট NY এবং রিস্টোর NY – সিগনেচার ইকোনোমিক ডেভেলপমেন্ট প্রোগ্রামসমূহকে সম্প্রসারণ করে

শিল্প ও সাংস্কৃতিক সেক্টরকে শক্তিশালী করার পাশাপাশি নতুন পাবলিক আর্ট ইনিশিয়েটিভকে সহায়তা করার জন্য 80 মিলিয়ন মার্কিন ডলারের মূলধনী তহবিল

ইউনিভার্সিটি-স্পন্সরড ভিসার সুযোগ এবং একটি নতুন ভার্চুয়াল অভিবাসী উদ্যোক্তামূলক সেন্টারের মাধ্যমে বিদেশে-জন্ম নেওয়া নিউ ইয়র্কবাসীদের জন্য ব্যবসায় মালিকানার সুযোগ নিশ্চিত করে

সংবাদপত্র এবং সম্প্রচার ভিত্তিক সাংবাদিকতায় কর্মসংস্থানে সহায়তার জন্য 30 মিলিয়ন মার্কিন ডলার

নিউ ইয়র্ক স্টেটে একটি আধুনিক, 21 শতাব্দীর অর্থনীতি প্রতিষ্ঠার জন্য গভর্নর হোকলের প্রতিশ্রুতির ভিত্তি নিশ্চিত করে

2025 সালের গৃহীত নির্বাহী বাজেটের অংশ হিসেবে আজ গভর্নর ক্যাথি হোকল নিউ ইয়র্কের অর্থনীতি এবং কর্মশক্তিকে আধুনিকায়নে তার পরিকল্পনা ঘোষণা করেছেন। পরবর্তী-প্রজন্মের চিপস সংশ্লিষ্ট গবেষণার জন্য 10 বিলিয়ন মার্কিন ডলারের অংশীদারিত্ব জাম্পস্টার্ট করতে 500

মিলিয়ন মার্কিন ডলারের মূলধন ভিত্তিক বিনিয়োগ; চারটি ON-RAMP অ্যাডভান্সড ম্যানুফ্যাকচারিং ট্রেনিং সেন্টারে সহায়তার জন্য এবং ভবিষ্যতের কর্মসংস্থানের জন্য নিউ ইয়র্কবাসীদের প্রস্তুত করতে 200 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ এবং নিউ ইয়র্ক স্টেটজুড়ে অর্থনৈতিক প্রবৃদ্ধিকে বজায় রাখতে ডাউনটাউন রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভ, NY ফরোয়ার্ড, FAST NY এবং রিস্টোর NY-কে সম্প্রসারিত করার মতো বিষয়গুলো অন্তর্ভুক্ত। এছাড়াও বাজেটে শিল্প ও সাংস্কৃতিক খাতকে শক্তিশালী করতে, নতুন পাবলিক আর্ট ইনিশিয়েটিভকে সমর্থন করতে এবং অভিবাসী উদ্যোক্তাদের জন্য নতুন সহায়তা নিশ্চিতকরণের জন্য মূলধন তহবিলে 80 মিলিয়ন মার্কিন ডলার যোগ করা হয়েছে।

"নিউ ইয়র্কের ব্যবসা প্রতিষ্ঠান ও শ্রমিকগণ আমাদের স্টেটের অর্থনীতির মূল চালিকাশক্ত এবং এই বাজেটে বৃহৎ আকারের, এক ধরনের বিনিয়োগ রয়েছে যা তাদের উন্নতির ধারা অব্যাহত রাখতে সাহায্য করবে," **গভর্নর হোকল বলেন।** "ভবিষ্যতের জন্য কর্মীদের প্রস্তুত করতে প্রশিক্ষণ কেন্দ্রের নেটওয়ার্কে পরবর্তী প্রজন্মের চিপ ভিত্তিক গবেষণাকে সহায়তা করা থেকে শুরু করে নিউ ইয়র্ক 21 শতাব্দীর একটি আধুনিক অর্থনীতি গড়ে তোলার জন্য পূর্ণ-গতিতে এগিয়ে যাচ্ছে যা ভালো মানের কর্মসংস্থান সৃষ্টি করে, আমাদের কমিউনিটিগুলোকে শক্তিশালী করার পাশাপাশি নিউ ইয়র্কবাসীদের আগামী প্রজন্মের জন্য একটি আর্থিক ভবিষ্যত সুরক্ষিত করে।"

<u>পরবর্তী-প্রজন্মের চিপস সংশ্লিষ্ট গবেষণায় বিনিয়োগ করা</u>

2025 সালের গৃহীত নির্বাহী বাজেটের অংশ হিসেবে, গভর্নর হোকল 10 বিলিয়ন মার্কিন ডলারের অংশীদারিত্ব জাম্পস্টার্ট করতে NY ক্রিয়েটস অ্যালবানি ন্যানোটেক কমপ্লেক্সে 500 মিলিয়ন মার্কিন ডলারের মূলধন বিনিয়োগ নিশ্চিত করেছেন এবং কমপ্লেক্সে একটি অত্যাধুনিক উচ্চ মানসম্পন্ন NA EUV লিথোগ্রাফি সেন্টার প্রতিষ্ঠা করা হয়েছে। গভর্নর নিউ ইয়র্কে সেমিকন্ডাক্টর উৎপাদনের জন্য একটি বৈশ্বিক হাব প্রতিষ্ঠার অঙ্গীকারের অংশ হিসেবে গত বছর IBM, মাইক্রোন, ফলিত উপকরণ, টোকিও ইলেক্ট্রন এবং সেমিকন্ডাক্টর শিল্পের অন্যান্য নেতৃবৃন্দের সাথে অংশীদারিত্বের ঘোষণা দিয়েছিলেন। একবার সম্পূর্ণ হয়ে গেলে, এই নতুন কেন্দ্রটি উত্তর আমেরিকার প্রথম সর্বজনীন মালিকানাধীন উচ্চমানের NA EUV লিথোগ্রাফি সেন্টারে নিউ ইয়র্ককে কেন্দ্রস্থল হিসেবে অন্যান্য সেমিকন্ডাক্টর-সম্পর্কিত বিনিয়োগের ধারা প্রতিষ্ঠা করবে, নিউ ইয়র্কের প্রযুক্তি ভিত্তিক অর্থনীতির দীর্ঘমেয়াদী আধুনিকায়নকে সমর্থন করার পাশাপাশি হাজার হাজার প্রত্যক্ষ, পরোক্ষ এবং ইউনিয়ন ভিত্তিক নির্মাণ সংশ্লিষ্ট কর্মসংস্থান সৃষ্টি ও বজায় রাখবে।

<u>আগামীর কর্মসংস্থানের জন্য নিউ ইয়র্কবাসীদের প্রস্তুত করা</u>

এছাড়াও বাজেটে ওয়ান নেটওয়ার্ক ফর রিজিওনাল অ্যাডভান্সমেন্ট ম্যানুফ্যাকচারিং পার্টনারশীপ (One Network for Regional Advanced Manufacturing Partnerships, ON-RAMP) গড়ে তোলার জন্য 200 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ অন্তর্ভুক্ত রয়েছে – যে নিউ ইয়র্কবাসীদের আগামীর কর্মসংস্থানের জন্য প্রস্তুত করতে চারটি নতুন কর্মশক্তি উন্নয়ন কেন্দ্রের একটি নেটওয়ার্ক। স্টেট যেহেতু সেমিকন্ডাক্টর ম্যানুফ্যাকচারিংয়ের মতো দ্রুত বর্ধনশীল শিল্পগুলোতে 21 শতকের ব্যবসাগুলোকে আকৃষ্ট করে চলেছে তাই ON-RAMP সেন্টারগুলো আধুনিক উৎপাদনমুখী প্রমাণপত্র এবং প্রশিক্ষণ প্রদান করার পাশাপাশি পিছিয়ে থাকা

জনগোষ্ঠীর জন্য সুযোগসুবিধা সম্প্রসারিত করতে সহায়তা করবে। প্রোগ্রামটি সেন্টারস্টেট প্রধান নির্বাহী কর্মকর্তার তত্ত্বাবধানে সিরাকিউসে একটি ফ্ল্যাগশিপ ফ্যাসিলিটি সহ আপস্টেট নিউ ইয়র্কের কৌশলগত, আলোচিত অবস্থানগুলোতে ফোকাস করবে।

নিউ ইয়র্কের সিগনেচার ইকোনোমিক ডেভেলপমেন্ট প্রোগ্রামসমূহের সম্প্রসারণ করা

স্টেট ব্যাপী উন্নয়নের ধারা অব্যাহত রাখতে গভর্নর হোকল ডাউনটাউন রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভ, NY ফরোয়ার্ড, ফাস্ট NY এবং রিস্টোর NY - নিউ ইয়র্কের সিগনেচার ইকোনোমিক ডেভেলপমেন্ট প্রোগ্রামসমূহের বাড়তি রাউন্ডের জন্য তহবিল নিশ্চিত করেছেন। বাজেটটি ডাউনটাউন রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভ (DRI)-এর আরেকটি রাউন্ডের জন্য 100 মিলিয়ন মার্কিন প্রদান করে যা শহরের কেন্দ্রস্থলগুলোকে প্রাণবন্ত কমিউনিটিতে পরিণত করছে যেখানে নিউ ইয়র্কবাসীদের পরবর্তী প্রজন্ম বাস করতে, কাজ করতে এবং পরিবার গড়ে তুলতে চাইবে। আধুনিকায়নের সম্ভাবনাকে কেন্দ্র করে স্টেটের 10টি REDC ডাউনটাউনের অংশগ্রহনকারী কমিউনিটিগুলোকে মনোনীত করে। নির্বাচিত প্রতিটি কমিউনিটিকে একটি ডাউনটাউন কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা তৈরি করতে এবং আধুনিকায়নের জন্য কমিউনিটির কাঙ্খিত অগ্রসরমূলক মূল প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য তহবিল প্রদান করা হয়।

নিউ ইয়র্কের গ্রামীণ কমিউনিটিকে সহায়তা করার জন্য, বাজেটটি NY ফরোয়ার্ড প্রোগ্রামে 100 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ করে যা ছোট ছোট ডাউনটাউনগুলোর আধুনিকায়নকে এগিয়ে নেওয়ার জন্য ডিজাইন করা হয়েছে। ডাউনটাউন রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভ (Downtown Revitalization Initiative, DRI) প্রোগ্রামের মতো, NY ফরোয়ার্ড কমিউনিটিগুলোকে REDC-এর সাথে অংশীদারিত্ব বজায় রাখতে নির্বাচিত করা হয় এবং ডিপার্টমেন্ট অব স্টেট (Department of State) সহজে বাস্তবায়নযোগ্য প্রকল্পগুলোর একটি স্লেট প্রতিষ্ঠা করতে একটি সংক্ষিপ্ত পরিকল্পনামূলক প্রক্রিয়ার মাধ্যমে কমিউনিটিকে নেতৃত্ব দেবে। আধুনিকায়ণ ত্বরান্বিত করার সক্ষমতা প্রদর্শন করে এমন প্রকল্পগুলোতে স্টেটের বিনিয়োগ প্রতিযোগিতামূলক প্রক্রিয়াকে শক্তিশালী করবে এবং নিউ ইয়র্কের ছোট ছোট কমিউনিটি এবং বৃহত্তর নগরের কেন্দ্রগুলোর ভবিষ্যত গতিপথকে উন্নত করবে।

উপরন্তু, বাজেটটিতে ফোকাসড অ্যাট্রাকশন অব শোভেল-রেডি ট্র্যাক্টস নিউ ইয়র্ক (Focused Attraction of Shovel-Ready Tracts New York, FAST NY) প্রোগ্রামের আরেকটি বার্ষিক রাউন্ডের অর্থায়নের জন্য 100 মিলিয়ন মার্কিন ডলার অন্তর্ভুক্ত রয়েছে। 2022 সালের ডিসেম্বরে চালু হওয়া FAST NY শোভেল-রেডিনেসের জন্য প্রতিটি আপস্টেট অঞ্চলে 20টি সাইট প্রস্তুত করতে 175 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি অনুদান দিয়েছে।

এছাড়াও গভর্নর রিস্টোর NY-এর জন্য 50 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ নিশ্চিত করেছেন যেটি এমন প্রকল্পগুলোকে সহায়তা করার জন্য প্রতিযোগিতামূলক তহবিলের প্রোগ্রাম যা খালি, পরিত্যক্ত এবং অবহেলিত সম্পত্তিগুলোকে কার্যকর সাইটে পরিণত করে যা ডাউনটাউনের পুনঃউন্নয়ন, ওয়াটারফ্রন্ট পরিকল্পনা ও স্থিতিস্থাপকতার পাশাপাশি আবাসনমূলক কার্যকারিতা সহ মূল লক্ষ্যগুলো এগিয়ে নেয়।

শিল্প ও সাংস্কৃতিক খাতকে শক্তিশালী করা

2025 সালের গৃহীত নির্বাহী বাজেটটি স্টেটের গতিশীল অলাভজনক শিল্প ও সাংস্কৃতিক খাতে নতুন মূলধন তহবিলে 40 মিলিয়ন মার্কিন ডলার নিশ্চিত করার মাধ্যমে গভর্নর হোকলের বিনিয়োগকে অব্যাহত রেখেছে যা নিউ ইয়র্ক স্টেট কাউন্সিল অন দ্য আর্টসকে 50,000 মার্কিন ডলার থেকে 10 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত সমস্ত আকারের প্রকল্পের জন্য বাড়তি অনুদানের সুযোগ নিশ্চিত করে। এছাড়াও শিল্পীদের ক্ষমতায়ন নিশ্চিত করার জন্য বাজেটটি উল্লেখিত দুইটি নতুন প্রোগ্রাম চালু করেছে যা স্টেটের চলমান অর্থনৈতিক প্রবৃদ্ধিতে – কাল্টিভেটিং হ্যাভেন্স ফর দ্য আর্টস থ্রু রিজিওনাল মুরালস (Cultivating Havens for the Arts through Regional Murals, CHARM NY) যেটি নিউ ইয়র্ক জুড়ে কমিউনিটিতে পাবলিক ম্যুরালগুলোর ডিজাইন এবং ইনস্টলেশনের জন্য অর্থায়ন করবে এবং "স্টেট অব দ্য আর্টস" ("State of the Arts") ফেলোশিপ প্রোগ্রাম যা সৃজনশীল পদ্ধতির মাধ্যমে পাবলিক পলিসি ভিত্তিক লক্ষ্যগুলোকে এগিয়ে নেওয়ার জন্য স্টেটীয় সংস্থাগুলোতে শিল্পী সংশ্লিষ্ট ফেলোদের স্থান দেবে।

অভিবাসী উদ্যোক্তাদের সহায়তা করা

গভর্নর হোকল অভিবাসী উদ্যোক্তাদের সহায়তা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ এবং বিদেশে-জন্ম গ্রহণ করা নিউ ইয়র্কবাসীদের ব্যবসার মালিকানায় একটি পথ তৈরিতে সহায়তা করার জন্য তিনি তহবিল নিশ্চিত করেছেন। বাজেটের অংশ হিসেবে, গভর্নর আন্তর্জাতিক উদ্যোক্তাদের জন্য ইউনিভার্সিটি-স্পন্সরড ভিসা পাওয়ার সুযোগ প্রদানের ক্ষেত্রে, ইউনিভার্সিটিগুলোর সাথে নতুনত্ব বজায় রাখতে এবং নিউ ইয়র্কে স্টার্টআপ কোম্পানি বা প্রাথমিক পর্যায়ের উদ্যোগের বিকাশ ঘটাতে একটি প্রোগ্রাম চালু করেছেন। প্রোগ্রামটি পরিচালনা করার জন্য আটটি গবেষণামূলক ইউনিভার্সিটি এবং কলেজের জন্য এই প্রোগ্রামটি পর্যাপ্ত অনুদান প্রদান করবে।

এছাড়াও গভর্নর হোকল একটি ভার্চুয়াল অভিবাসী উদ্যোক্তা সেন্টার প্রতিষ্ঠা করবেন যা অভিবাসী উদ্যোক্তাদের ক্ষেত্রে প্রাসঙ্গিক গুরুত্বপূর্ণ তথ্য এবং পরিষেবাগুলোর জন্য একটি কেন্দ্রিয় রিসোর্স হিসেবে কাজ করবে। সেন্টারটি ব্যবহারকারীদের ESD-এর মূলধনে অ্যাক্সেস, প্রযুক্তিগত সহায়তা, এবং রেগুলেটরি রিলিফ প্রোগ্রাম; অফিস ফর নিউ আমেরিকানস ন্যাচারালাইজেশন, ইংলিশ ল্যাঙ্গুয়েজ, ডিজিটাল লিটারেসি এবং ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট সার্ভিসেস; SUNY-এর উদ্যোক্তা, অ্যাকাডেমিক, ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট ও সিভিক এনগেজমেন্ট প্রোগ্রাম এবং DOL-এর বিজনেস এক্সপ্রেস প্ল্যাটফর্মের মতো রিসোর্সগুলোতে নির্দেশনা দেবে।

সংবাদপত্র এবং সম্প্রচার ভিত্তিক সাংবাদিকতায় কর্মসংস্থানে সহায়তার জন্য ট্যাক্স ক্রেডিট

এছাড়াও বাজেটটিতে সংবাদপত্র এবং সম্প্রচার মিডিয়া ভিত্তিক কর্মসংস্থানমূলক প্রোগ্রাম অন্তর্ভুক্ত রয়েছে যা শিল্পে বিদ্যমান এবং নতুন কর্মসংস্থানকে সমর্থন করার জন্য একটি ট্যাক্স ক্রেডিট। নির্বাচিত প্রিন্ট মিডিয়া এবং সম্প্রচারকারী সংস্থাগুলোর জন্য প্রতি বছর 30 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ থাকে যা কর বর্ষ 2025 থেকে শুরু হয়ে কর বর্ষ 2028 সালে শেষ হয়। নির্বাচিত প্রতিটি ব্যবসা 300,000 মার্কিন ডলার পর্যন্ত ট্যাক্স ক্রেডিট পেতে পারে এবং ক্রেডিটগুলো 100 জন কর্মী বা তার কম এবং 100 জনের বেশি কর্মী থাকা সংস্থাগুলোর মধ্যে সমানভাবে ভাগ করে দেওয়া হবে।

টায়ার 6 সংস্কারের মাধ্যমে নিয়োগ এবং ধরে রাখার প্রচেষ্টাকে শক্তিশালী করা
যেহেতু স্টেট এবং অন্যান্য সরকারি নিয়োগকর্তাগণ কর্মীবাহিনী সংশ্লিষ্ট চ্যালেঞ্জের সম্মুখীন হচ্ছেন তাই 2025 সালের গৃহীত নির্বাহী বাজেটে টায়ার 6 সদস্যদের জন্য অবসরকালীন সুবিধাবলির দুইটি সংস্কার অন্তর্ভুক্ত রয়েছে। সংস্কার দুইটি হলো: একজন সরকারি কর্মচারীর অবসর গ্রহণের সুবিধা নির্ধারণের জন্য সর্বশেষ গড় বছরের বেতন সর্বোচ্চ পাঁচ বছর থেকে সর্বোচ্চ তিন বছর পর্যন্ত পরিবর্তন করা এবং তাদের পেনশন সুবিধার ক্ষেত্রে একটি টায়ার 6 সদস্যের অবদানের হার নির্ধারণ করার সময় ওভারটাইম উপার্জন হিসাব করার ক্ষেত্রে দুই বছরের কর্তনের মেয়াদ বাড়ানো। একজন কর্মচারীর অবসর গ্রহণের সুবিধার এইসব বর্ধিতকরণ হলো অনেক দৃঢ় এবং প্রতিভাবান পাবলিক কর্মী নিয়োগ ও ধরে রাখার একটি উদ্দেশ্যে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন